



স্মারক নং: রঃয়েট/জস/৫৭/২০২৩

তারিখঃ ১২ অক্টোবর ২০২৩ খ্রি:

সংবাদ বিজ্ঞপ্তি-০২

রঃয়েটে দিনব্যাপী টেকনো ফেয়ার ২০২৩ অনুষ্ঠিত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে(রঃয়েট) ইস্টার্ন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী (আইআইসিটি) এবং গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের যৌথ উদ্যোগে দিনব্যাপী টেকনো ফেয়ার ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে এই অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে এবং বিকালে এই অনুষ্ঠানের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

টেকনো ফেয়ারের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডলী কমিশনের (ইউজিসি) অতিরিক্ত দায়িত্বের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর। আয়োজন কমিটির সভাপতি ও গবেষণা ও সম্প্রসারণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. ফারুক হোসেনের সভাপতিত্বে অন্যন্যদের মধ্যে উপস্থিত ছিলেন রঃয়েটের উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম, অনুষ্ঠানের কো-অর্ডিনেটর ও আইআইসিটির পরিচালক অধ্যাপক ড. মো. সেলিম হোসেন।

দিনব্যাপী অনুষ্ঠিত এই ফেয়ারে রঃয়েটের চারটি অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের বিভাগের ২৬০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। টেকনো ফেয়ারে তারা চারটি ইভেন্টে অংশগ্রহণ করেন। ইভেন্টগুলো হলো- আইডিয়া কল্টেস্ট, ইনোভেশন প্রজেক্ট শোকেসিং, রোবো ফাইট ও লাইন ফলোয়ার রোবট। সমাপনী অনুষ্ঠানে প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের পুরস্কৃত করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডলী কমিশনের (ইউজিসি) অতিরিক্ত দায়িত্বের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর বলেন, জ্ঞানভিত্তিক ও মেধাভিত্তিক সমাজ গড়তে হলে শিক্ষার্থীদের গবেষণা কাজে উৎসাহিত করতে হবে।

রঃয়েটের উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম বলেন, ২০৪১ সালের মধ্যে একটি সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উত্তাবনী স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষার্থীদের অঞ্চলী ভূমিকা পালন করতে হবে।

অনুষ্ঠানে বিভিন্ন ইস্টার্ন টেকনো পরিচালক, ডীনবৃন্দ, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধান সহ শিক্ষক, শিক্ষার্থী ও উর্ধ্বর্তন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক

**স্বাক্ষরিত/-
উপ-পরিচালক
জনসংযোগ দপ্তর
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**